# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 29-09-2025 Time: 7.50 P.M.

**বিশেষ বিশেষ খবর –**

১) শারদীয়া দুর্গোৎসবের আজ সপ্তমী। সকালে নবপত্রিকা স্নানের মধ্য দিয়ে সম্পন্ন হয় দেবী দুর্গার আবাহন ও সপ্তমী বিহিত পূজা। বাংলা জুড়ে মন্ডপে মন্ডপে দর্শণার্থীদের ঢল।

২) পুজোর দিনগুলিতে যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ডিভিশন আজ রাত থেকে পয়লা অক্টোবর রাত পর্যন্ত আটটি অতিরিক্ত ট্রেন চালাবে।

বিভিন্ন রুটে আজ থেকে নবমী পর্যন্ত সারারাত বিশেষ ট্রেন চালাবে মেট্রোরেলও।

৩) পুরাতন মালদা শহরে এক গৃহবধূ ও তার দুই শিশু সন্তানের অস্বাভাবিক মৃত্যু।

৪) স্বাধীনতা সংগ্রামী মাতঙ্গিনী হাজরার আত্মবলিদান দিবসে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে।

৫) রাজ্যের প্রায় সব জেলাতেই ২ থেকে ৫ তারিখ পর্যন্ত হাল্কা থেকে মাঝারি, কোথাও ভারি বৃষ্টির পূর্বাভাস।

---

শারদীয়া দুর্গোৎসবের আজ সপ্তমী।

ঢাক

সকালে নবপত্রিকা স্নানের মধ্য দিয়ে সম্পন্ন হয় দেবী দুর্গার আবাহন ও সপ্তমী বিহিত পূজা। বেলুড় মঠে সকাল থেকেই ভক্তদের ভীড় লক্ষ্য করা গেছে। আবহাওয়া অনুকূল থাকায় বিকেল থেকেই শহরের রাস্তায় দর্শনার্থীদের উপচে পড়া ভীড়। উত্তর থেকে দক্ষিণ কলকাতার নামি পুজোগুলির মন্ডপ ও আলোকসজ্জায় এবং নানান থিমের উপস্থাপনা দেখতে দূরদূরান্ত থেকে মানুষ এসেছেন। যানজট সামাল দিতে রীতিমত বেগ পেতে হচ্ছে পুলিশ ও স্বেচ্ছাসেবকদের। বাস, ট্রেন, মেট্রো ভিড়ে ঠাসা।

শহরে পুজো দেখতে সামিল হয়েছেন বিদেশীরাও। কালীঘাট মন্দির পরিদর্শনের পর বিখ্যাত পুজো মন্ডপগুলি পরিদর্শন করছেন তাঁরা। ইসকন - এর উদ্যোগে এই ভ্রমনের আয়োজন করা হয়েছে। ইসকন কলকাতার ভাইস প্রেসিডেন্ট রাধারমন দাস জানিয়েছেন, এর লক্ষ্য হল - বিদেশি পর্যটকদের সামনে বাংলার সাংস্কৃতিক ও আধ্যাত্মিক ঐতিহ্যকে তুলে ধরা।

জেলাগুলিতেও উৎসবের মেজাজ।

প্রায় তিনশো বছরের ঐতিহ্য ও পরম্পরা মেনে এবারও মহাসপ্তমীর উষা লগ্নে মালদার চাঁচোল রাজবাড়ির সিংহবাহিনী দেবী মাতাকে শোভাযাত্রা সহকারে নিয়ে যাওয়া হয় পাহাড়পুর চন্ডী মন্ডপে। প্রথা মেনে চাঁদির পাখা ও সোনার ঝাড়ু সহকারে অষ্টধাতুর চতুর্ভুজা চন্ডীমাতাকে প্রতিষ্ঠিত করে শুরু হয় পুজোপাঠ।

হাওড়ার শিবপুরে ষষ্ঠীতলা বারোয়ারি দুর্গাপুজো এবার শতবর্ষে পদার্পন করেছে। এবছর মন্ডপ সজ্জার মূল ভাবনা **উদযাপন**।

----------------------

এই উৎসব বাঙালির প্রাণের উৎসব। সমাজের সর্বস্তরের সবরকম মানুষের অংশগ্রহণেই এর সার্থকতা। পুজোর এই আলোর রোশনাই সকলের কাছে পৌঁছে দিতে

সক্রিয় হয়েছেন আমাদেরই কয়েকজন সহ নাগরিক। তাঁদের সম্মান জানাতে আজকের এই প্রতিবেদন।

ক্যাপসুল-ভিসি

----------------------

সোনার গয়নায় সাজানো শহরের তেরোটি প্রতিমার নিরাপত্তায় কলকাতা পুলিশ বিশেষ ব্যবস্থা গ্রহন করেছে। ১৩টির মধ্যে ১১টি মন্ডপে দুইজন করে সশস্ত্র পুলিশ মোতায়েন থাকছে। মধ্য কলকাতার মুচিপাড়া ও বেনিয়াপুকুর এলাকার দুটি মন্ডপে দুজন করে সশস্ত্র পুলিশ ছাড়াও দুজন পুলিশ আধিকারিক টহল দিচ্ছেন। এছাড়াও পুজো মন্ডপগুলিতে সিসিটিভির মাধ্যমে নজরদারি চালানো হচ্ছে।

----------------------

একটি অসরকারি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ইএনজিআইও সেরা পরিবেশ বান্ধব পুজোর জন্য আজ তাদের পুরস্কারের তালিকা ঘোষণা করেছে। পুরস্কার প্রাপকদের মধ্যে সেরাদের সেরা পুরস্কার পেয়েছে টালা প্রত্যয়। এই বিভাগে দ্বিতীয় বেহালা বুড়ো শিবতলা জনকল্যাণ সংঘ এবং তৃতীয় বেলেঘাটা ৩৩ পল্লীবাসীবৃন্দ। এছাড়া আরও ৭ টি প্রতিষ্ঠানকে পুরস্কার দেওয়া হচ্ছে। প্রায় ৩০০ জন আবেদনকারীর মধ্যে থেকে এই ১০ জনকে বেছে নেওয়া হয়েছে।

----------------------

শারদ উৎসবে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে পুজো মন্ডপের বর্জ্য থেকে জ্বালানি তৈরি করার অভিনব উদ্যোগ নিয়েছে উত্তর কলকাতার Tala প্রত্যয় পুজো কমিটি। কলকাতা পুরসভার সহযোগিতায় এই কাজ হবে। এর ফলে পরিবেশ দূষণ

রোধের পাশাপাশি পরিবেশ বান্ধব জ্বালানি পাওয়া যাবে বলে জানিয়েছেন পুজো উদ্যোক্তারা। আধুনিক এই বর্জ্য ব্যবস্থাপনা আজ পরিদর্শন করেন পুর ও নগর উন্নয়ন মন্ত্রী মেয়র ফিরহাদ হাকিম।

----------------------

পুজোর দিনগুলিতে যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ডিভিশন আজ রাত থেকে পয়লা অক্টোবর রাত পর্যন্ত শহরতলী ব্যান্ডেল, তারকেশ্বর, এবং বর্ধমান মেন এবং কর্ড লাইনে মোট আটটি অতিরিক্ত EMU ট্রেন চালাবে। ট্রেনগুলি রাত পৌনে একটা থেকে পৌনে দুটোর মধ্যে ছাড়বে।

এছাড়া, দুর্গা পুজা উপলক্ষ্যে দোসরা অক্টোবর পর্যন্ত, লক্ষ্মী পুজোর জন্য ৬ই অক্টোবর এবং কালীপূজা উপলক্ষ্যে আগামী বিশে অক্টোবর বিকেল ৩ টে পর্যন্ত হাওড়া ডিভিশনের সমস্ত EMU লোকাল রবিবারের সময় সূচি অনুসারে চালানো হবে বলে রেল সূত্রের খবর।

----------------------

দর্শণার্থীদের সুবিধার্থে মেট্রোরেল তাদের বিভিন্ন রুটে আজ থেকে তিনদিন ভোর রাত পর্যন্ত বিশেষ ট্রেন চালাবে। নবমী পর্যন্ত শহীদ ক্ষুদীরাম ও দক্ষিণেশ্বরের মধ্যে দুপুর একটা থেকে পরদিন ভোর চারটে পর্যন্ত আপ ও ডাউন মিলিয়ে মোট ২৪৬ টি ট্রেন চালানো হবে। এই দিনগুলিতে হাওড়া ময়দান থেকে সেক্টর ফাইভ অর্থাত্ গ্রীন লাইনে দুপুর দেড়টা থেকে ভোর চারটে ১৮ মিনিট পর্যন্ত আপ ও ডাউনে মোট ১৯২ টি, ইয়ালো লাইন অর্থাত্ নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমানবন্দরের মধ্যে দুপুর তিনটে থেকে রাত ১০ টা ৫০ মিনিট পর্যন্ত ৬২ টি ট্রেন চলাচল করবে।

জোকা মাঝেরহাট রুটেও দুপুর তিনটে থেকে রাত ১০ টা ৫৫ মিনিট অবধি দশমী পর্যন্ত চলছে বিশেষ ট্রেন।

----------------------

সেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ সিরিজ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি যে, মোদী সরকার ভারতের প্রথম মনুষ্যবাহী গভীর সমুদ্র অভিযান' সমুদ্রযান' প্রকল্পের মাধ্যমে গভীর সমুদ্র অনুসন্ধানে ভারতকে বিশ্বের শীর্ষস্থানীয় দেশগুলের মধ্যে কীভাবে স্থান দিচ্ছে।

একটি প্রতিবেদন

----------------------

পুরাতন মালদা শহরে বাচামারি গভর্মেন্ট কলোনির নিচু পাড়ায় এক গৃহবধূ ও তার দুই শিশু সন্তানের অস্বাভাবিক মৃত্যুর খবর পাওয়া গেছে। আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন, ঠাকুর দেখা নিয়ে স্বামী স্ত্রীর মধ্যে মনোমালিন্যের পর এই দুই শিশু সন্তানকে হত্যা করে গৃহবধূ আত্মঘাতী হয়েছেন বলে অনুমান করা হচ্ছে। পুলিশ দেহগুলি উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে এবং মৃত গৃহবধূর স্বামীকে নিজেদের হেফাজতে নিয়েছে।

----------------------

পূর্ব বর্ধমানের পূর্বস্থলীর সাতপোতা গ্রামে খড়ি নদীতে স্নান করতে নেমে তলিয়ে গিয়ে এক কিশোরীর মৃত্যু হয়েছে। নিখোঁজ আরো এক কিশোরী। তার সন্ধানে তল্লাশি চলছে। আজ সকালে চার বন্ধু নদীতে স্নান করতে নামলে জলের স্রোতে তিনজন

তলিয়ে যায়। একজন কোনোক্রমে বেঁচে গেলেও ঘন্টা খানেক পর উদ্ধার হয় সুনীতা মন্ডলের দেহ।

----------------------

স্বাধীনতা সংগ্রামী মাতঙ্গিনী হাজরার আত্মবলিদান দিবসে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষে ময়দানে তাঁর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান মন্ত্রিসভার সদস্য চন্দ্রিমা ভট্টাচার্য্য। নবান্নেও তাঁর ছবিতে মাল্যর্পণ করা হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও মাতঙ্গিনী হাজরার প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে মুখ্যমন্ত্রী লেখেন এই বীরাঙ্গনা ইংরেজ শাসনের বিরুদ্ধে লড়াইয়ে যে অসীম সাহসের পরিচয় দিয়েছিলেন, তা আজও দৃষ্টান্ত হয়ে রয়েছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সামাজিক মাধ্যমে মাতঙ্গিনী হাজরার প্রয়াণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

----------------------

উত্তর আন্দামান সাগরে আগামীকাল একটি ঘূর্ণাবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। বুধবার তা নিম্নচাপ এলাকায় পরিণত হতে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর । এর ফলে রাজ্যের প্রায় সব জেলাতেই দুই থেকে ৫ তারিখ পর্যন্ত হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী বৃষ্টির পূর্বাভাস। আগামী ২৪ ঘন্টায় পূর্ব বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া এবং হুগলি জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে।

---------------------- ---------------------